

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪৪৩৫  
খোয়াই, ২ জানুয়ারি, ২০২৪

**সুশংহত উদ্যান উন্নয়ন মিশন**  
**খোয়াই কৃষি মহকুমায় শীতকালীন সজি চাষে সহায়তা**

সুশংহত উদ্যান উন্নয়ন মিশনে চলতি অর্থবর্ষে খোয়াই কৃষি মহকুমায় কৃষকদের শীতকালীন সজি চাষে সহায়তা দেওয়া হয়েছে। এতে কৃষি মহকুমার ৩৫০ জন কৃষক উপকৃত হয়েছেন। এই কর্মসূচিতে কৃষি মহকুমার ৭০ হেক্টর জমি শীতকালীন সজি চাষের আওতায় এসেছে। এ জন্য ব্যয় হয়েছে ১ লক্ষ ৭৫ হাজার টাকা। সুবিধাভোগী কৃষকদের ফুলকপি, বাঁধাকপি, বেগুন, শশা, মূলা, টমেটো ও লক্ষা চাষে সহায়তা দেওয়া হয়েছে। খোয়াই মহকুমা উদ্যান পালন ও ভূমিসংরক্ষন কার্যালয়ের তত্ত্বাবধায়ক শ্রীকান্ত নাথ এই সংবাদ জানান।

\*\*\*\*\*